# চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়

শহীদ আবুল কাশেম সড়ক, চুয়াডাঙ্গা। ফোনঃ ০২৪৭৭৭৮৭৮৮১
Web Site: www.chuadangapourashava.org, E-mail:mayor16cp@gmail.com


মুজিব শতবর্ষ MUJIB 100

"শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি"

স্মারক নং- চুয়াঃ পৌঃ/২০২৪/১৫ তারিখঃ-০৪/০১/২০২৪খ্রিঃ

প্রাপক,

প্রকল্প পরিচালক,
নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প (IUGIP),
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর,
এলজিইডি ভবন, লেভেল-১২
আগারগাঁও, শেরে বাংলা নগর,
ঢাকা-১২০৭।

বিষয়ঃ বাংলাদেশ সরকার, ও AFD সহায়তায় বাস্তবায়নাধীন "নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প (IUGIP)" এর আওতায় পৌরসভায় দারিদ্র হ্রাস ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির মাসিক সভার কার্যবিবরণী ও PRAP বাস্তবায়ন সম্পর্কিত (অক্টোবর-ডিসেম্বর) ত্রৈমাসিক মনিটরিং ছক প্রস্তুতপূর্বক প্রেরণ প্রসঙ্গে।

স্মারক নংঃ এলজিইডি/পিডি/ IUGIP/ ৪৬.০২.০০০০.৭৯৬.১৪.১০৩.২০২৩.১১১৬(৮৮) তারিখঃ ১৩/১২/২০২৩খ্রিঃ।

উপযুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সরকার, ADB ও AFD সহায়তায় বাস্তবায়নাধীন "নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প (IUGIP)" এর আওতায় পৌরসভায় দারিদ্র হ্রাস ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির মাসিক সভার কার্যবিবরণী ও PRAP বাস্তবায়ন সম্পর্কিত (অক্টোবর-ডিসেম্বর) ত্রৈমাসিক মনিটরিং ছক প্রস্তুতপূর্বক এতদ্‌সঙ্গে আপনার সদয় অবগতি ও প্রযোজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হল।

০৪-০১-২০২৪ ইং

(জাহাঙ্গীর আলম মালিক)
মেয়র
চুয়াডাঙ্গা পৌরসভা
ফোন ঃ ০২৪৭৭৭৮৭৮৮১
E-mail: mayor16cp@gmail.com




সময়মত পৌরকর এবং পানির বিল পরিশোধ করুন। আপনার শিশুকে টিকা দিন। আপনার শহর পরিস্কার রাখুন

# নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প (IUGIP)

## ত্রৈমাসিক ফরমেট -১

'দারিদ্র হ্রাসকরণ ও বস্তি উন্নয়ন স্থায়ী কমিটি (STC on PRSI)'র PRAP বাস্তবায়ন বিষয়ক ত্রৈমাসিক অগ্রগতির প্রতিবেদন ছক

পৌরসভার নাম ঃ চুয়াডাঙ্গা পৌরসভা
ওয়ার্ডের সংখ্যা ঃ ০৯টি
প্রতিবেদনকাল ঃ অক্টোবর- ডিসেম্বর- ২০২৩ইং
কমিটি গঠনের তারিখঃ ১০-০২-২০১৬ইং

| শিরোনাম | ক্রম | বিষয় | তথ্য |
|---|---|---|---|
| PRSI স্থায়ী কমিটি'র মাসিক সভা | ১ | প্রতিবেদন কালে অনুষ্ঠিত সভার সংখ্যা | ০৩টি |
| | ২ | প্রতিবেদন কালে প্রস্তুতকৃত কার্য বিবরণীর সংখ্যা | ০৩টি |
| | ৩ | সভায় উপস্থিত সদস্য সংখ্যা | নারী ০৯ জন; পুরুষ ১৮ জন |
| | ৪ | সভায় উপস্থিত দরিদ্র শ্রেণীর প্রতিনিধির সংখ্যা | নারী ০৩ জন; পুরুষ ০৩ জন |
| | ৫ | সভায় দারদ্র শ্রেণার প্রাতানাধদের উত্থাপিত মতামতের সংখ্যা | ০৯টি |
| | ৬ | দরিদ্র শ্রেণীর প্রতিনিধিদের উত্থাপিত মতামতের ভিত্তিতে গৃহীত সিদ্ধান্তের সংখ্যা | ০৯টি |
| | ৭ | সভায় গৃহীত মোট সিদ্ধান্তের সংখ্যা | ১৩টি |
| | ৮ | সিদ্ধান্ত বাস্তবায়নে গৃহীত উদ্যোগের সংখ্যা | ১৩টি |
| TLCC সভা | ৯ | TLCC -তে উপস্থাপিত PRAP বাস্তবায়ন বিষয়ক ইস্যুর সংখ্যা | ০৬টি |
| PRAP বাস্তবায়নে পৌরসভা কর্তৃক গৃহীত উদ্যোগ | ১০ | ১.আর্থিক সাহায্য, স্বাস্থ্য সেবা ও ঔষধ প্রদান, স্যানিটেশন কার্যক্রম বাবদ রিং-স্লাব বিতরণ, ঢেউটিন বিতরণ।<br>২. বস্ত্র বিতরণ, বই বিতরণ, প্রশিক্ষণ। বিশুদ্ধ পানি সরবরাহ (নলকূপ সরবরাহ), সচেতনতা মূলক উঠান বৈঠক, বর্জ্য অপসারণ, ভ্যানগাড়ি প্রদান, স্বাবলম্বী করার জন্য অনুদান, করোনা বাবদ চাউল, ডাল, তেল।<br>৩. ফুটপাত নির্মান, ড্রেন নির্মান, | |
| PRAP বাস্তবায়নে বাজেট ও ব্যয় (বার্ষিক) | ১১ | PRAP বাস্তবায়নে পৌরসভার বার্ষিক রাজস্ব বাজেট: ৪৭,০০,০০০.০০<br>PRAP বাস্তবায়নে পৌরসভার বার্ষিক রাজস্ব বাজেট হতে ২০২৩-২০২৪ অর্থ বছরে ব্যয়: ১৮,১৫,৪৭২/-<br>SIC CAP বাস্তবায়নে প্রকল্প কর্তৃক বরাদ্দকৃত অর্থের পরিমাণ: ৪,৫৩,০৫,৪৭০.১৩/-<br>SIC CAP বাস্তবায়নে প্রকল্প কর্তৃক বরাদ্দকৃত অর্থ থেকে SIC -কে প্রদেয় অর্থের ব্যয় পরিমানঃ ৩,৪৫,৯৩,৫৪৯/- | |
| PRAP বাস্তবায়নে বাজেট ও ব্যয় (প্রতিবেদন কালের) | ১২ | বাজেট:<br>PRAP বাস্তবায়নে পৌরসভার রাজস্ব বাজেট: ১৪,০০,০০০/-<br>SIC CAP বাস্তবায়নে প্রকল্প কর্তৃক বরাদ্দকৃত অর্থের পরিমাণ: ৩,৪৭,১২,৭৯৭.২২/- | |
| | ১৩ | ব্যয়:<br>PRAP বাস্তবায়নে পৌরসভার রাজস্ব বাজেট হতে ব্যয়: ১২,৯৭,৬৮৬/-<br>SIC CAP বাস্তবায়নে প্রকল্প কর্তৃক বরাদ্দকৃত অর্থ থেকে SIC -কে প্রদেয় অর্থের পরিমান (ব্যয়): ৩,৪৫,৯৩,৫৪৯/- | |
| SIC কার্যক্রম | ১৪ | SIC-র সংখ্যা কত? | ০৬টি |
| | ১৫ | নির্মাণ কার্যক্রম শুরু হয়েছে এমন SIC -র সংখ্যা | ০০টি |
| | ১৬ | নির্মাণ কার্যক্রম সমপন্ন হয়েছে এমন SIC -র সংখ্যা | ০৬টি |

(স্বাক্ষরিত) 03.01.2024
কে এম আব্দুস সবুর খান
সমাজ উন্নয়ন কর্মকর্তা
চুয়াডাঙ্গা পৌরসভা।

(স্বাক্ষরিত)
মুন্সি আলাউদ্দীন আহম্মেদ
কাউন্সিলর ০৫ নং ওয়ার্ড ও সভাপতি,
দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন স্থায়ী কমিটি,চুয়াডাঙ্গা পৌরসভা।

(স্বাক্ষরিত) ০৬-০১-২০২৪ ইং
জাহাঙ্গীর আলম মালিক
মেয়র
চুয়াডাঙ্গা পৌরসভা।

সংযুক্তি-১ (খ)

# নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প (IUGIP)

ত্রৈমাসিক ফরমেট -২

## 'দারিদ্র্যহ্রাসকরণ ও বস্তি উন্নয়ন স্থায়ী কমিটি (STC on PRSI)'র PRAP বাস্তবায়ন বিষয়ক ত্রৈমাসিক অগ্রগতির প্রতিবেদন ছক

২০২২-২০২৩ইং

অক্টোবর- ডিসেম্বর-২০২৩ইং

| ক্রমিক নং | এ পর্যন্ত সর্বমোট | | | প্রতিবেদন কালে | | |
|---|---|---|---|---|---|---|
| | PRAP-র আওতায় বাস্তবায়িত/গৃহীত উদ্যোগ/কার্যক্রম | বাজেট | ব্যয় | PRAP-র আওতায় বাস্তবায়িত/ গৃহীত উদ্যোগ/কার্যক্রম | বাজেট | ব্যয় |
| ০১ | স্বাস্থ্য সেবা ও ঔষধ প্রদান | ২,৮০,০০০.০০ | ১,০৯,৩২৪.০০ | স্বাস্থ্য সেবা ও ঔষধ প্রদান | ৭০,০০০.০০ | ৪৮,২২০.০০ |
| ০২ | স্যানিটেশন কার্যক্রম বাবদ রিং-স্লাব বিতরণ | ২,৫০,০০০.০০ | ০০ | স্যানিটেশন কার্যক্রম বাবদ রিং-স্লাব বিতরণ | ১,২৫,০০০.০০ | ০০ |
| ০৩ | বিশুদ্ধ পানি সরবরাহ (নলকূপ সরবরাহ) | ২,০০,০০০.০০ | ১,২২,৭৩৯.০০ | বিশুদ্ধ পানি সরবরাহ (নলকূপ সরবরাহ) | ৫০,০০০.০০ | ৮৪,০১৩.০০ |
| ০৪ | ঢেউটিন বিতরন | ২,০০,০০০.০০ | ০০ | ঢেউটিন বিতরন | ৫০,০০০.০০ | ০০ |
| ০৫ | ফুটপাত নির্মান | ৫,০০,০০০.০০ | ২৮,৫০০.০০ | ফুটপাত নির্মান | ২,৫০,০০০.০০ | ২৮,৫০০.০০ |
| ০৬ | ড্রেন নির্মান | ৩,০০,০০০.০০ | ২২,৩৫৬.০০ | ড্রেন নির্মান | ০০ | ০০ |
| ০৭ | হত দরিদ্র নারী/পুরুষের মাঝে বস্ত্র বিতরণ | ৭,০০,০০০.০০ | ৬,৫২,৫০০.০০ | হত দরিদ্র নারী/পুরুষের মাঝে বস্ত্র বিতরণ | ৩,৫০,০০০.০০ | ৬,৫২,৫০০.০০ |
| ০৮ | দুস্থ ও গরীব ছাত্রদের জন্য শিক্ষা উপকরণ বিতরণ | ১,২০,০০০.০০ | ০০ | দুস্থ ও গরীব ছাত্রদের জন্য শিক্ষা উপকরণ বিতরণ | ৩০,০০০.০০ | ০০ |
| ০৯ | প্রশিক্ষণ | ১,৫০,০০০.০০ | ০০ | প্রশিক্ষণ | ০০ | ০০ |
| ১০ | সচেতনতা মূলক উঠান বৈঠক | ১,০০,০০০.০০ | ০০ | সচেতনতা মূলক উঠান বৈঠক | ২৫,০০০.০০ | ০০ |
| ১১ | দরিদ্র এলাকায় বর্জ্য অপসারণ | ৩,০০,০০০.০০ | ২৮৮,০০০.০০ | দরিদ্র এলাকায় বর্জ্য অপসারণ | ৭৫,০০০.০০ | ১,৪৬,৫০০.০০ |
| ১২ | আর্থিক সাহায্য | ৭,০০,০০০.০০ | ২,৯৭,৬০০.০০ | আর্থিক সাহায্য | ১,৭৫,০০০.০০ | ১,৮২,০০০.০০ |
| ১৩ | ভ্যান গাড়ি প্রদান | ১,০০,০০০.০০ | ০০ | ভ্যান গাড়ি প্রদান | ০০ | ০০ |
| ১৪ | দরিদ্রদের মাঝে চাউল, ডাল, তৈল ইত্যাদি প্রদান | ৩,০০,০০০.০০ | ১,৬৯,২৬০.০০ | দরিদ্রদের মাঝে চাউল, ডাল, তৈল ইত্যাদি প্রদান | ৭৫,০০০.০০ | ৩৮,৭৬০.০০ |
| ১৫ | স্বাবলম্বি করার জন্য (অনুদান) | ৫,০০,০০০.০০ | ১,২৫,১৯৩.০০ | স্বাবলম্বি করার জন্য (অনুদান) | ১,২৫,০০০.০০ | ১,১৭,১৯৩.০০ |
| | সর্বমোট= | ৪৭,০০,০০০.০০ | ১৮,১৫,৪৭২.০০ | সর্বমোট= | ১৪,০০,০০০.০০ | ১২,৯৭,৬৮৬.০০ |

03.01.2024
কে এম আব্দুস সবুর খান
সমাজ উন্নয়ন কর্মকর্তা
চুয়াডাঙ্গা পৌরসভা।

মুন্সি আলাউদ্দীন আহম্মেদ
কাউন্সিলর ০৫ নং ওয়ার্ড ও সভাপতি,
দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন স্থায়ী কমিটি,চুয়াডাঙ্গা পৌরসভা।

০৬-০১-২০২৪ ইং
জাহাঙ্গীর আলম মালিক
মেয়র
চুয়াডাঙ্গা পৌরসভা।

# চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়

জেলা-চুয়াডাঙ্গা।

প্রাপকঃ

| | | |
|---|---|---|
| ০১. | জনাব মোঃ জাহাঙ্গীর আলম মালিক | সদস্য |
| ০২. | জনাব মোঃ উজ্জ্বল হোসেন | সদস্য |
| ০৩. | জনাবা মোছাঃ শেফালি খাতুন | সদস্য |
| ০৪. | জনাবা মোছাঃ শাহিনা আক্তার | সদস্য |
| ০৫. | জনাব মোঃ হাফিজুর রহমান কাওছার, সহকারী প্রকৌশলী | প্রকৌশল শাখার প্রতিনিধি |
| ০৬. | জনাবা মোছাঃ রুবি খাতুন, জিনতলা পাড়া | দরিদ্র শ্রেণীর প্রতিনিধি |
| ০৭. | জনাব মোঃ জিনারুল ইসলাম, ইসলাম পাড়া | দরিদ্র শ্রেণীর প্রতিনিধি |
| ০৮. | কে এম আব্দুস সবুর খান, সমাজ উন্নয়ন কর্মকর্তা | সাচিবিক |

উপর্যুক্ত বিষয়ে সকলকে জানানো যাচ্ছে যে, আগামী ১৮/১০/২০২৩ইং তারিখঃ বুধবার সকাল ১১.০০ ঘটিকায় পৌরসভা মিলনায়তনে "দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী" কমিটির সভার আয়োজন করা হয়েছে। উক্ত সভায় উপস্থিত থাকার জন্য সকলকে অনুরোধ করা হলো।

আলোচ্য বিষয়ঃ-

০১. বিগত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন।
০২. আর্থিক সাহায্য প্রদান প্রসঙ্গে আলোচনা।
০৩. দরিদ্র এলাকায় ফুটপাত নির্মাণ করা প্রসঙ্গে আলোচনা।
০৪. হতদরিদ্র পরিবারের মাঝে বিনামূল্যে স্বাস্থ্যসেবা ও ঔষধ প্রদান প্রসঙ্গে আলোচনা।
০৫. দরিদ্রদের মাঝে চাউল, ডাল, তৈল ইত্যাদি প্রদান প্রসঙ্গে আলোচনা।

অনুলিপি ঃ-সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলোঃ
১. প্রকল্প পরিচালক, (IUGIP) স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর।
২. অফিস নথি।

( মুন্সি আলাউদ্দীন আহম্মেদ )
সভাপতি
"দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন" বিষয়ক স্থায়ী কমিটি
ও
কাউন্সিলর, ০৫ নং ওয়ার্ড, চুয়াডাঙ্গা পৌরসভা।

# চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়

## জেলা-চুয়াডাঙ্গা।

স্থান ঃ পৌরসভা মিলনায়তন।
তারিখ ঃ ১৮/১০/২০২৩ ইং
সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা।
সভাপতিঃ জনাব, মুন্সি আলাউদ্দীন আহম্মেদ, কাউন্সিলর ০৫ নং ওয়ার্ড, চুয়াডাঙ্গা পৌরসভা।

উক্ত সভা পৌরসভা মিলনায়তনে দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব, মুন্সি আলাউদ্দীন আহম্মেদ, এর সভাপতিত্বে সকাল ১১.০০ ঘটিকায় ১৮/১০/২০২৩ ইং তারিখে অনুষ্ঠিত হয়। সভার আলোচনা ও সিদ্ধান্ত সমূহ নিম্নে লিপিবদ্ধ করা হলো ঃ-

| ক্রমিক নং | আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত সমূহ | সিদ্ধান্ত বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১। | পূর্ববতী সভার কার্য-বিবরণী পাঠ ও অনুমোদন। | সভাপতির অনুমতি ক্রমে, সমাজ উন্নয়ন কর্মকর্তা, জনাব কে এম আব্দুস সবুর খান বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। বিস্তারিত আলোচনার পর কার্যবিবরনী যথাযথভাবে লিপিবদ্ধ হওয়ায় তা সর্ব-সম্মতিক্রমে অনুমোদন করা হয়। | ১। গত সভার কার্য বিবরণী অনুমোদন করা। | সভাপতি, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি। |
| ২। | আর্থিক সাহায্য প্রদান প্রসঙ্গে আলোচনা। | দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব, মুন্সি আলাউদ্দীন আহম্মেদ বলেন, পৌরসভা হতে কিছু সংখ্যক গরীব ও দুস্থ ব্যক্তিদের মধ্যে আর্থিক সাহায্য প্রদান করা দরকার। কমিটির অপর সদস্য ৩নং সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর জনাবা, মোছাঃ শেফালী খাতুন বলেন, গরীব ও দুস্থ ব্যক্তিদের মধ্যে আর্থিক সাহায্য প্রদনের মাধ্যমে যারা আর্থিক ভাবে অস্বচ্ছল তাদেরকে ব্যবসা বানিজ্যের মাধ্যমে আর্থিক ভাবে স্বচ্ছল করা সম্ভব। কমিটির অপর সদস্য ০৭ নং ওয়ার্ড কাউন্সিলর জনাব, মোঃ উজ্জল হোসেন বলেন পৌর এলাকার মধ্যে যাদের অর্থ উপার্জন করার মত তেমন কোন সামথ্য নাই সে সকল হত দরিদ্রদের মাঝে আর্থিক সাহায্য প্রদান করলে তারা বেশ উপকৃত হবে। কমিটির অপর সদস্য দরিদ্র শ্রেনীর প্রতিনিধি জনাব, মোঃ জিনারুল ইসলাম বলেন পৌরসভা হতে যাদের অর্থ উপার্জন করার মত কোন সামর্থ্য নাই সে সকল হত দরিদ্র পরিবারের মাঝে আর্থিক সাহায্য প্রদানের মাধ্যমে তাদেরকে স্বাবলম্বী করা উচিত। কমিটির সাচিবিক দায়িত্ব পালনকারী সমাজ উন্নয়ন কর্মকর্তা জনাব, কে এম আব্দুস সবুর খান বলেন আর্থিক সাহায্য প্রদানের জন্য ২০২৩-২০২৪ইং অর্থবছরে দারিদ্র হ্রাসকরণ কর্মপরিকল্পনায় বাজেট বরাদ্দ আছে। পরিশেষে কমিটির সিদ্ধান্ত অনুযায়ী হত দরিদ্র পরিবারের মাঝে আর্থিক সাহায্য প্রদানের মাধ্যমে তাদেরকে স্বাবলম্বী করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ২। হতদরিদ পরিবারের মাঝে আর্থিক সাহায্য প্রদানের মাধ্যমে তাদেরকে স্বাবলম্বী করা। | সভাপতি ও দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি। |
| ০৩। | দরিদ্র এলাকায় ফুটপাত নির্মাণ করা প্রসঙ্গে আলোচনা। | দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব, মুন্সি আলাউদ্দীন আহম্মেদ বলেন দরিদ্র এলাকায় জনগনের চলাচলের জন্য ফুটপাত নির্মাণ করা দরকার। কমিটির অপর সদস্য পৌর মেয়র জনাব, জাহাঙ্গীর আলম মালিক বলেন দরিদ্র এলাকায় ফুটপাত নির্মাণ করলে জনগনের যাতায়াতের অনেকটা সুবিধা হবে। কমিটির সদস্য সচিব জনাব, কে এম আব্দুস সবুর খান বলেন (২০২৩-২০২৪) ইং অর্থবছরে দারিদ্র হ্রাসকরণ কর্মপরিকল্পনায় ফুটপাত নির্মানের জন্য ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকার বাজেট বরাদ্দ রাখা হয়েছে। কমিটির অপর সদস্য ০৭ নং ওয়ার্ড কাউন্সিলর জনাব, মোঃ উজ্জল হোসেন বলেন যেহেতু বাজেটে বরাদ্দ রাখা হয়েছে সেহেতু উক্ত কাজ বাস্তবায়ন করা হলে এলাকাবাসী খুব উপকৃত হবে। কমিটির অপর সদস্য প্রকৌশল শাখার প্রতিনিধি পৌরসভার সহকারী প্রকৌশলী জনাব মোঃ হাফিজুর রহমান কাওছার বলেন বাজেট বরাদ্দ থাকায় উক্ত কাজ বাস্তবায়ন করা যেতে পারে। কমিটির অপর সদস্য দরিদ্র শ্রেনীর প্রতিনিধি জনাবা মোছাঃ রুবি খাতুন বলেন, দরিদ্র এলাকার ফুটপাত নির্মানের কাজ দ্রুত বাস্তবায়ন করার প্রস্তাব করেন। প্রস্তাব মোতাবেক কমিটির সিদ্ধান্ত অনুযায়ী উক্ত কাজ দ্রুত বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | ৩। দরিদ্র এলাকায় ফুটপাত নির্মাণ করা। | সভাপতি ও দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪। | হত দরিদ্র পরিবারের মাঝে বিনা মূল্যে স্বাস্থ্যসেবা ও ঔষধ প্রদান প্রসঙ্গে আলোচনা। | দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব, মুন্সি আলাউদ্দীন আহম্মেদ বলেন প্রাপ সফল ভাবে বাস্তবায়নের লক্ষ্যে হতদরিদ্র পরিবারের মাঝে বিনামূল্যে স্বাস্থ্যসেবা ও ঔষধ প্রদান করা দরকার। কমিটির অপর সদস্য ০১নং সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর জনাবা, মোছাঃ শাহিনা খাতুন বলেন আমাদের পৌরসভা হতে আমরা প্রতি মাসেই কিছুসংখ্যক হতদরিদ্র পরিবারের মাঝে বিনামূল্যে স্বাস্থ্যসেবা ও ঔষধ প্রদান করে থাকি। কমিটির অপর সদস্য ০৩নং সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর জনাবা, মোছাঃ শেফালী খাতুন বলেন পৌরসভা একটি সেবা মূলক প্রতিষ্ঠান হওয়ায় আমরা প্রত্যেক ওয়ার্ডের কিছু সংখ্যক হত দরিদ্র পরিবারের মাঝে বিনা মূল্যে স্বাস্থ্য সেবা ও ঔষধ প্রদান করে থাকি। কমিটির অপর সদস্য দরিদ্র শ্রেনীর প্রতিনিধি জনাবা মোছাঃ রুবি খাতুন বলেন কিছু মানুষ আছে যাদের ঔষধ ক্রয়ের কোন সামথ্য নাই। সেসকল ব্যাক্তিদের মাঝে বিনা মূল্যে স্বাস্থ্যসেবা ও ঔষধ প্রদান করা দরকার। বিস্তারিত আলোচনার পর কমিটির সিদ্ধান্ত অনুযায়ী হত দরিদ্র পরিবারের মাঝে বিনামূল্যে স্বাস্থ্যসেবা ও ঔষধ প্রদান করার সিদ্ধান্ত গৃহিত হয়। | ৪। হত দরিদ্র পরিবারের মাঝে বিনামূল্যে স্বাস্থ্যসেবা ও ঔষধ প্রদান করা। | সভাপতি ও দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি। |
| ৫। | হতদরিদ্রদের মাঝে চাউল, ডাল ও তৈল ইত্যাদি প্রদান প্রসঙ্গে আলোচনা। | কমিটির সভাপতি জনাব মুন্সি আলাউদ্দীন আহম্মেদ বলেন, পৌর এলাকার ০৯টি ওয়ার্ডের কিছু সংখ্যক হতদরিদ্র ব্যাক্তিদের মাঝে চাউল, ডাল ও তৈল বিতরণ করলে তারা বেশ উপকৃত হবে। কমিটির সাচিবিক দায়িত্ব পালনকারী সমাজ উন্নয়ন কর্মকর্তা জনাব কে এম আব্দুস সবুর খান বলেন হতদরিদ্রদের মাঝে চাউল, ডাল ও তৈল ইত্যাদি প্রদান করার জন্য ২০২৩-২০২৪ইং অর্থবছরে দারিদ্র হ্রাসকরণ কর্মপরিকল্পনায় ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা বাজেট বরাদ্দ আছে। সেক্ষেত্রে প্রদান করা যেতে পারে। কমিটির অপর সদস্য দরিদ্রশ্রেনীর প্রতিনিধি জনাবা মোছাঃ রুবি খাতুন বলেন হত দরিদ্রদের মাঝে উক্ত উপকরণ বিতরণ করলে তারা বেশ উপকৃত হবে। কমিটির অপর সদস্য ৭নং ওয়ার্ড কাউন্সিলর জনাব মোঃ উজ্জল হোসেন বলেন আমাদের পৌর এলাকায় এমন অনেক পরিবার আছে যাদের চাউল, ডাল, তৈল ক্রয় করার মত সামর্থ্য নাই তাদের মাঝে বিতরণ করা দরকার। কমিটির অপর সদস্য ০৩নং সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর জনাবা মোছাঃ শেফালী খাতুন বলেন পৌরসভার মাধ্যমে উক্ত মালামাল হতদরিদ্রদের মাঝে বিতরণ করলে তারা বেশ উপকৃত হবে। পরিশেষে কমিটির সিদ্ধান্ত অনুযায়ী হতদরিদ্রদের মাঝে চাউল, ডাল ও তৈল প্রদান করার সিদ্ধান্ত গৃহিত হয়। | ৫। হতদরিদ্রদের মাঝে চাউল, ডাল ও তৈল প্রদান করা। | সভাপতি ও দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি। |

আর বিশেষ কোন আলোচনা না থাকায় কমিটির সভাপতি জনাব, মুন্সি আলাউদ্দীন আহম্মেদ সকলের সুস্বাস্থ্য ও মঙ্গল কামনা করে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মুন্সি আলাউদ্দীন আহম্মেদ)
সভাপতি, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি
ও
কাউন্সিলর, ০৫ নং ওয়ার্ড, চুয়াডাঙ্গা পৌরসভা।

স্মারক নং ঃ-

তারিখঃ- ১৮/১০/২০২৩ইং

অনুলিপি ঃ- সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলোঃ

১.প্রকল্প পরিচালক, (IUGIP) স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর।

২.সকল সদস্য দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি, চুয়াডাঙ্গা পৌরসভা।

(মুন্সি আলাউদ্দীন আহম্মেদ)
সভাপতি, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি।

# চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়

জেলা-চুয়াডাঙ্গা।

স্থানঃ পৌরসভা মিলনায়তন।

তারিখঃ ১৮/০১০/২০২৩ইং।

দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভায় উপস্থিত সদস্য বৃন্দের নাম ও স্বাক্ষর নিম্নরুপঃ

| ক্র নং | নাম | পরিচিত | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | জনাব মুন্সি আলাউদ্দীন আহম্মেদ | সভাপতি | |
| ২ | জনাব মোঃ জাহাঙ্গীর আলম মালিক | সদস্য | |
| ৩ | জনাব মোঃ উজ্জ্বল হোসেন | সদস্য | |
| ৪ | জনাবা মোছাঃ শেফালি খাতুন | সদস্য | |
| ৫ | জনাবা মোছাঃ শাহিনা আক্তার | সদস্য | |
| ৬ | জনাব মোঃ হাফিজুর রহমান কাওছার, সহকারী প্রকৌশলী | প্রকৌশল শাখার প্রতিনিধি | |
| ৭ | জনাবা মোছাঃ রুবি খাতুন, জিনতলা | দরিদ্র শ্রেণীর প্রতিনিধি | |
| ৮ | জনাব মোঃ জিনারুল ইসলাম, ইসলাম পাড়া | দরিদ্র শ্রেণীর প্রতিনিধি | |
| ৯ | কে এম আব্দুস সবুর খান | সমাজ উন্নয়ন কর্মকর্তা ও সদস্য সচিব | |

# চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়

শহীদ আবুল কাশেম সড়ক, চুয়াডাঙ্গা। ফোনঃ ০৭৬১-৬২২৮১
Web Site: www.chuadangapourashava.org, E-mail:mayor16cp@gmail.com

## ১৮/১০/২০২৩ইং তারিখে অনুষ্ঠিতব্য দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির মাসিক সভার আলোক চিত্র।







সময়মত পৌরকর এবং পানির বিল পরিশোধ করুন। আপনার শিশুকে টিকা দিন। আপনার শহর পরিস্কার রাখুন

# চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়

জেলা-চুয়াডাঙ্গা।

প্রাপকঃ

| | | |
|---|---|---|
| ০১. | জনাব মোঃ জাহাঙ্গীর আলম মালিক | সদস্য |
| ০২. | জনাব মোঃ উজ্জ্বল হোসেন | সদস্য |
| ০৩. | জনাবা মোছাঃ শেফালি খাতুন | সদস্য |
| ০৪. | জনাবা মোছাঃ শাহিনা আক্তার | সদস্য |
| ০৫. | জনাব মোঃ হাফিজুর রহমান কাওছার, সহকারী প্রকৌশলী | প্রকৌশল শাখার প্রতিনিধি |
| ০৬. | জনাবা মোছাঃ রুবি খাতুন, জিনতলা পাড়া | দরিদ্র শ্রেণীর প্রতিনিধি |
| ০৭. | জনাব মোঃ জিনারুল ইসলাম, ইসলাম পাড়া | দরিদ্র শ্রেণীর প্রতিনিধি |
| ০৮. | কে এম আব্দুস সবুর খান, সমাজ উন্নয়ন কর্মকর্তা | সাচিবিক |

উপর্যুক্ত বিষয়ে সকলকে জানানো যাচ্ছে যে, আগামী ২০/১১/২০২৩ইং তারিখঃ সোমবার সকাল ১১.০০ ঘটিকায় পৌরসভা মিলনায়তনে "দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী" কমিটির সভার আয়োজন করা হয়েছে। উক্ত সভায় উপস্থিত থাকার জন্য সকলকে অনুরোধ করা হলো।

আলোচ্য বিষয়ঃ-

০১. বিগত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন।
০২. হত দরিদ্র পরিবারের মাঝে বিনা মূল্যে রিং-স্লাব বিতরণ করা প্রসঙ্গে আলোচনা।
০৩. পৌর এলাকার ০৯টি ওয়ার্ডের হত দরিদ্রদের মাঝে শীতবস্ত্র (কম্বল) বিতরণ করা প্রসঙ্গে আলোচনা।
০৪. বিনা মূল্যে হতদরিদ্র পরিবারের মাঝে ঢেউটিন বিতরণ করা প্রসঙ্গে আলোচনা।
০৫. দরিদ্র এলাকার বর্জ অপসারন ও পরিচ্ছন্নতা বিষয়ক আলোচনা।
০৬. কিছু সংখ্যক দরিদ্র ব্যক্তিদেরকে বাড়ীর আঙিনায় কৃষি/সবজি চাষের উপর পশিক্ষণ প্রদান সম্পর্কে আলোচনা।

অনুলিপি ঃ-সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলোঃ
১. প্রকল্প পরিচালক, (IUGIP) স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর।
২. অফিস নথি।

( মুন্সি আলাউদ্দীন আহম্মেদ )
সভাপতি
"দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন" বিষয়ক স্থায়ী কমিটি
ও
কাউন্সিলর, ০৫ নং ওয়ার্ড, চুয়াডাঙ্গা পৌরসভা।

# চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়

জেলা-চুয়াডাঙ্গা।

স্থান ঃ পৌরসভা মিলনায়তন।
তারিখ ঃ ২০/১১/২০২৩ ইং
সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা।
সভাপতিঃ জনাব, মুন্সি আলাউদ্দীন আহম্মেদ, কাউন্সিলর ০৫ নং ওয়ার্ড, চুয়াডাঙ্গা পৌরসভা।

উক্ত সভা পৌরসভা মিলনায়তনে দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব, মুন্সি আলাউদ্দীন আহম্মেদ, এর সভাপতিত্বে সকাল ১১.০০ ঘটিকায় ২০/১১/২০২৩ ইং তারিখে অনুষ্ঠিত হয়। সভার আলোচনা ও সিদ্ধান্ত সমূহ নিম্নে লিপিবদ্ধ করা হলো ঃ-

| ক্রমিক নং | আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত সমূহ | সিদ্ধান্ত বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১। | পূর্ববর্তী সভার কার্য-বিবরণী পাঠ ও অনুমোদন। | সভাপতির অনুমতি ক্রমে, সমাজ উন্নয়ন কর্মকর্তা, জনাব কে এম আব্দুস সবুর খান বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। বিস্তারিত আলোচনার পর কার্যবিবরনী যথাযথভাবে লিপিবদ্ধ হওয়ায় তা সর্ব-সম্মতিক্রমে অনুমোদন করা হয়। | ১। গত সভার কার্য বিবরণী অনুমোদন করা। | সভাপতি, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি। |
| ২। | হতদরিদ্র পরিবারের মাঝে বিনামূল্যে রিং-স্লাব বিতরণ করা প্রসঙ্গে আলোচনা। | দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব মুন্সি আলাউদ্দীন আহম্মেদ, বলেন প্রত্যেক ওয়ার্ডের কিছু সংখ্যক হত. দরিদ্র পরিবারের মাঝে বিনামূল্যে রিং-স্লাব বিতরণ করা দরকার। কমিটির সাচিবিক দায়িত্ব পালনকারী সমাজ উন্নয়ন কর্মকর্তা জনাব, কে এম আব্দুস সবুর খান বলেন প্রতি বছরের ন্যায় ২০২৩-২০২৪ইং অর্থ বছরেও রিং-স্লাব বিতরণের জন্য ২,৫০,০০০/-(দুই লক্ষ পঞ্চাশ হাজার) টাকা বাজেটে বরাদ্ধ রাখা আছে। ইতিমধ্যে প্রত্যেক ওয়ার্ড থেকেই বেশ কিছু সংখ্যক রিং-স্লাবের আবেদন পৌরসভায় জমা পড়েছে। তাদের মধ্যে থেকে যাচাই বাছাই করে কিছু সংখ্যক হতদরিদ্র পরিবারের মাঝে বিনামূল্যে রিং-স্লাব বিতরণ করা দরকার। কমিটির অপর সদস্য ০৩নং সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর জনাবা মোছাঃ শেফালী খাতুন বলেন প্রত্যেক ওয়ার্ডেই কিছুসংখ্যক পরিবার আছে যাদের টয়লেট নির্মাণ করার সামর্থ্য নাই তাদের মাঝে রিং-স্লাব বিতরণ করা দরকার। কমিটির অপর সদস্য ০৭নং ওয়ার্ড কাউন্সিলর জনাব মোঃ উজ্জল হোসেন বলেন প্রতি বছরের ন্যায় ২০২৩-২০২৪ইং অর্থ বছরেও কিছু সংখ্যক হত দরিদ্র পরিবারের মাঝে বিনামূল্যে রিং-স্লাব বিতরণ করা হবে যাতে করে তারা বেশ উপকৃত হয়। কমিটির অপর সদস্য দরিদ্র শ্রেনীর প্রতিনিধি জনাব মোঃ জিনারুল ইসলাম বলেন হত দরিদ্র পরিবারের নারী-পুরুষেরা প্রায়ই আমাদের কাছে আসে রিং-স্লাবের জন্য এদের কে বিনামূল্যে রিং-স্লাব বিতরণ করা দরকার। বিস্তারিত আলোচনার পর কমিটির সিদ্ধান্ত অনুযায়ী হত দরিদ্র পরিবারের মাঝে বিনামূল্যে রিং-স্লাব বিতরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ২। হতদরিদ্র পরিবারের মাঝে বিনামূল্যে রিং-স্লাব বিতরণ করা। | সভাপতি ও দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি। |
| ০৩। | পৌর এলাকার ০৯টি ওয়ার্ডের হত দরিদ্রদের মাঝে শীতবস্ত্র (কম্বল) বিতরণ করা প্রসঙ্গে আলোচনা। | দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব মুন্সি আলাউদ্দীন আহম্মেদ, বলেন বর্তমান শীত মৌসুমে কিছু সংখ্যক হত দরিদ্র পরিবারের মাঝে শীতবস্ত্র (কম্বল) বিতরণ করা দরকার। কমিটির অপর সদস্য জনাব, মোঃ উজ্জল হোসেন বলেন বর্তমান এলাকাতে প্রচন্ড শীত পড়ছে প্রতিবারের ন্যায় এবারও শীত মৌসুমে হতদরিদ্র পরিবারের মাঝে শীতবস্ত্র বিতরণ করা দরকার। কমিটির অপর সদস্য ০১নং সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর জনাবা, মোছাঃ শাহিনা খাতুন বলেন হতদরিদ্র পরিবারের মাঝে শীতবস্ত্র বিতরণ করলে তারা বেশ উপকৃত হবে। কমিটির সাচিবিক দায়িত্ব পালনকারী সমাজ উন্নয়ন কর্মকর্তা জনাব, কে এম আব্দুস সবুর খান বলেন দারিদ্র হ্রাসকরণ কর্মপরিকল্পনায় হতদরিদ্রদের মাঝে বস্ত্র বিতরণ করা বাবদ ২০২৩-২০২৪ইং অর্থবছরে ৭,০০,০০০/- (সাত লক্ষ) টাকা বাজেট বরাদ্দ রাখা আছে। প্রতিবারের ন্যায় এবারও হতদরিদ্রের মাঝে শতিবস্ত্র (কম্বল) বিতরণ করা যেতে পারে। পরিশেষে পৌর এলাকার ০৯টি ওয়ার্ডের হতদরিদ্রদের মাঝে শীতবস্ত্র প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ৩। পৌর এলাকার ০৯টি ওয়ার্ডের হতদরিদ্র পরিবারের মাঝে শীতবস্ত্র (কম্বল) বিতরণ করা। | সভাপতি ও দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪। | বিনামূল্যে হতদরিদ্র পরিবারের মাঝে ঢেউটিন বিতরণ করা প্রসঙ্গে আলোচনা। | দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব, মুন্সি আলাউদ্দীন আহম্মেদ বলেন প্রাপ সফল ভাবে বাস্তবায়নের লক্ষ্যে পৌরসভার ০৯টি ওয়ার্ডের কিছু সংখ্যক হতদরিদ্র পরিবারের মাঝে বিনামূল্যে ঢেউটিন বিতরণ করা দরকার। কমিটির অপর সদস্য ০৩নং সংরক্ষিতওয়ার্ড কাউন্সিলর জনাবা, মোছাঃ শেফালী খাতুন বলেন, আমাদের পৌর এলাকায় অনেক পরিবার আছে যাদের ঘর করার মত সামর্থ্য নাই সে সকল পরিবারের মাঝে বিনামূল্যে ঢেউটিন বিতরণ করলে তারা ঘর নির্মাণ করতে পারবে। ০৭নংওয়ার্ড কাউন্সিলর জনাব, মোঃ উজ্জ্বল হোসেন বলেন হত দরিদ্রদের মাঝে যাদের ঘর করার মত কোন সামর্থ্য নেই তাদের মাঝে ঢেউটিন বিতরণ করলে তারা বেশ উপকৃত হবে। দরিদ্র শ্রেনীর প্রতিনিধি জনাবা মোছাঃ রুবি খাতুন বলেন হতদরিদ্র পরিবারের মাঝে বিনামূল্যে ঢেউটিন বিতরণ করা দরকার। বিস্তারিত আলোচনার পর হত দরিদ্র পরিবারের মাঝে বিনা মূল্যে ঢেউটিন বিতরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ৪। বিনামূল্যে হতদরিদ্র পরিবারের মাঝে ঢেউটিন বিতরণ করা। | সভাপতি ও দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি। |
| ৫। | দরিদ্র এলাকার বর্জ অপসারন ও পরিচ্ছন্নতা বিষয়ক আলোচনা। | দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব মুন্সি আলাউদ্দীন আহম্মেদ বলেন পৌরসভার দরিদ্র এলাকার বর্জ্য অপসারন ও পরিচ্ছন্নতা সম্পর্কে তাদেরকে সচেতন করতে হবে। যাতে করে তারা যেখানে সেখানে ময়লা আবর্জনা না ফেলে একটি নির্দিষ্ট্য স্থানে জমা রাখে পরবর্তিতে পৌরসভার গার্ভেজ ট্রাক/ভ্যানের মাধ্যমে তা সংরক্ষন করা হবে। কমিটির অপর সদস্য ০৭নং ওয়ার্ড কাউন্সিলর জনাব মোঃ উজ্জল হোসেন বলেন পৌর এলাকার মধ্যে অধিকাংশ দরিদ্র এলাকায় দেখাযায় রাস্তার উপর ময়লা আবর্জনা ফেলে রাখে তাতে পরিবেশের ভারসাম্য নষ্ট হয়। কমিটির সাচিবিক দায়িত্ব পালনকারী সমাজ উন্নয়ন কর্মকর্তা জনাব কে এম আব্দুস সবুর খান বলেন দরিদ্র এলাকায় উঠান বৈঠক করার মাধ্যমে তাদেরকে সচেতন করতে হবে যাতে করে তারা বর্জ্য অপসারন ও পরিচ্ছন্নতা সম্পর্কে তারা সচেতন হয়। পরিশেষে দরিদ্র এলাকার বর্জ অপসারন ও পরিচ্ছন্নতা সম্পর্কে তাদেরকে সচেতন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ৫। দরিদ্র এলাকার বর্জ অপসারন ও পরিচ্ছন্নতা সম্পর্কে তাদেরকে সচেতন করা। | সভাপতি ও দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি। |
| ৬। | কিছু সংখ্যক দরিদ্র ব্যক্তিদেরকে বাড়ীর আঙিনায় কৃষি/সবজি চাষের উপর প্রশিক্ষণ প্রদান সম্পর্কে আলোচনা। | সভায় উপস্থিত কমিটির সভাপতি জনাব, মুন্সি আলাউদ্দীন আহম্মেদ বলেন যে, চুয়াডাঙ্গা পৌরসভা এলাকায় দারিদ্র হ্রাস করণের জন্য আমরা কিছু সংখ্যক দরিদ্র ব্যক্তিদেরকে বাড়ীর আঙিনায় কৃষি/সবজি চাষের উপর প্রশিক্ষণ প্রদান করতে পারি। যাতে করে তারা কৃষি/সবজি চাষের মাধ্যমে স্বাবলম্বী হতে পারে। কমিটির সাচিবিক দায়িত্ব পালনকারী সমাজ উন্নয়ন কর্মকর্তা জনাব কে এম আব্দুস সবুর খান বলেন হতদরিদ্রদের প্রশিক্ষণের জন্য দারিদ্র হ্রাসকরণ কর্মপরিকল্পনায় প্রশিক্ষণ প্রদানের জন্য (২০২৩-২০২৪)ইং অর্থবছরে ১,৫০,০০০/-(এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা বাজেটে বরাদ্ধ আছে। কমিটির অপর সদস্য মোছাঃ শাহিনা খাতুন বলেন আমাদের পৌর এলাকায় হতদরিদ্র পরিবারের মাঝে অনেক ছেলে আছে যাদেরকে উক্ত প্রশিক্ষণ প্রদান করলে তারা স্বাবলম্বী হতে পারবে এতে করে বেকার সমস্যার সমাধান হবে। পরিশেষে কমিটির সিদ্ধান্ত অনুযায়ী কিছু সংখ্যক দরিদ্র ব্যক্তিদেরকে বাড়ীর আঙিনায় কৃষি/সবজি চাষের উপর প্রশিক্ষণ প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | ৬। কিছু সংখ্যক দরিদ্র ব্যক্তিদেরকে বাড়ীর আঙিনায় কৃষি/সবজি চাষের উপর প্রশিক্ষণ প্রদান করা। | সভাপতি ও দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি। |

আর বিশেষ কোন আলোচনা না থাকায় কমিটির সভাপতি জনাব, মুন্সি আলাউদ্দীন আহম্মেদ সকলের সুস্বাস্থ্য ও মঙ্গল কামনা করে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মুন্সি আলাউদ্দীন আহম্মেদ)
সভাপতি, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি
ও
কাউন্সিলর, ০৫ নং ওয়ার্ড, চুয়াডাঙ্গা পৌরসভা।

স্মারক নং ঃ-
তারিখঃ- ২০/১১/২০২৩ইং

অনুলিপি ঃ- সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলোঃ

১. প্রকল্প পরিচালক, (IUGIP) স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর।
২.সকল সদস্য দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি, চুয়াডাঙ্গা পৌরসভা।

(মুন্সি আলাউদ্দীন আহম্মেদ)
সভাপতি, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি।

# চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়

জেলা-চুয়াডাঙ্গা।

স্থানঃ পৌরসভা মিলনায়তন।

তারিখঃ ২০/১১/২০২৩ইং।

দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভায় উপস্থিত সদস্য বৃন্দের নাম ও স্বাক্ষর নিম্নরুপঃ

| ক্র নং | নাম | পরিচিত | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | জনাব মুন্সি আলাউদ্দীন আহম্মেদ | সভাপতি | |
| ২ | জনাব মোঃ জাহাঙ্গীর আলম মালিক | সদস্য | |
| ৩ | জনাব মোঃ উজ্জ্বল হোসেন | সদস্য | |
| ৪ | জনাবা মোছাঃ শেফালি খাতুন | সদস্য | |
| ৫ | জনাবা মোছাঃ শাহিনা আক্তার | সদস্য | |
| ৬ | জনাব মোঃ হাফিজুর রহমান কাওছার, সহকারী প্রকৌশলী | প্রকৌশল শাখার প্রতিনিধি | |
| ৭ | জনাবা মোছাঃ রুবি খাতুন, জিনতলা | দরিদ্র শ্রেণীর প্রতিনিধি | রুবি |
| ৮ | জনাব মোঃ জিনারুল ইসলাম, ইসলাম পাড়া | দরিদ্র শ্রেণীর প্রতিনিধি | জিনারুল |
| ৯ | কে এম আব্দুস সবুর খান | সমাজ উন্নয়ন কর্মকর্তা ও সদস্য সচিব | |

# চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়

শহীদ আবুল কাশেম সড়ক, চুয়াডাঙ্গা। ফোনঃ ০৭৬১-৬২২৮১
Web Site: www.chuadangapourashava.org, E-mail:mayor16cp@gmail.com

## ২০/১১/২০২৩ইং তারিখে অনুষ্টিতব্য দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির মাসিক সভার আলোক চিত্র।






# চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়

জেলা-চুয়াডাঙ্গা।

প্রাপকঃ

| | | |
|---|---|---|
| ০১. | জনাব মোঃ জাহাঙ্গীর আলম মালিক | সদস্য |
| ০২. | জনাব মোঃ উজ্জল হোসেন | সদস্য |
| ০৩. | জনাবা মোছাঃ শেফালি খাতুন | সদস্য |
| ০৪. | জনাবা মোছাঃ শাহিনা আক্তার | সদস্য |
| ০৫. | জনাব মোঃ হাফিজুর রহমান কাওছার, সহকারী প্রকৌশলী | প্রকৌশল শাখার প্রতিনিধি |
| ০৬. | জনাবা মোছাঃ রুবি খাতুন, জিনতলা পাড়া | দরিদ্র শ্রেণীর প্রতিনিধি |
| ০৭. | জনাব মোঃ জিনারুল ইসলাম, ইসলাম পাড়া | দরিদ্র শ্রেণীর প্রতিনিধি |
| ০৮. | কে এম আব্দুস সবুর খান, সমাজ উন্নয়ন কর্মকর্তা | সাচিবিক |

উপর্যুক্ত বিষয়ে সকলকে জানানো যাচ্ছে যে, আগামী ২১/১২/২০২৩ইং তারিখঃ বৃহস্পতিবার সকাল ১১.০০ ঘটিকায় পৌরসভা মিলনায়তনে "দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী" কমিটির সভার আয়োজন করা হয়েছে। উক্ত সভায় উপস্থিত থাকার জন্য সকলকে অনুরোধ করা হলো।

আলোচ্য বিষয়ঃ-

০১. বিগত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন।
০২. দুস্থ ও গরীব শিক্ষার্থীদের মাঝে শিক্ষা উপকরণ বিতরণ করা প্রসঙ্গে আলোচনা।
০৩. দরিদ্র এলাকায় স্বাস্থ্য বিষয়ক সচেতনতা মূলক উঠান বৈঠক করা প্রসঙ্গে আলোচনা।
০৪. স্বাবলম্বী করার জন্য অনুদান প্রদান করা প্রসঙ্গে আলোচনা।
০৫. চতুর্থ/ চূড়ান্ত বিলের টাকা উত্তোলন করা প্রসঙ্গে আলোচনা।

অনুলিপি ঃ-সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলোঃ
১. প্রকল্প পরিচালক, (IUGIP) স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর।
২. অফিস নথি।

( মুন্সি আলাউদ্দীন আহম্মেদ )
সভাপতি
"দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন" বিষয়ক স্থায়ী কমিটি
ও
কাউন্সিলর, ০৫ নং ওয়ার্ড, চুয়াডাঙ্গা পৌরসভা।

# চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়

## জেলা-চুয়াডাঙ্গা।

স্থান ঃ পৌরসভা মিলনায়তন।
তারিখ ঃ ২১/১২/২০২৩ ইং
সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা।
সভাপতিঃ জনাব, মুন্সি আলাউদ্দীন আহম্মেদ, কাউন্সিলর ০৫ নং ওয়ার্ড, চুয়াডাঙ্গা পৌরসভা।

উক্ত সভা পৌরসভা মিলনায়তনে দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব, মুন্সি আলাউদ্দীন আহম্মেদ, এর সভাপতিত্বে সকাল ১১.০০ ঘটিকায় ২১/১২/২০২৩ ইং তারিখে অনুষ্ঠিত হয়। সভার আলোচনা ও সিদ্ধান্ত সমূহ নিম্নে লিপিবদ্ধ করা হলো ঃ-

| ক্রমিক নং | আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত সমূহ | সিদ্ধান্ত বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১। | পূর্ববতী সভার কার্য-বিবরণী পাঠ ও অনুমোদন। | সভাপতির অনুমতি ক্রমে, সমাজ উন্নয়ন কর্মকর্তা, জনাব কে এম আব্দুস সবুর খান বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। বিস্তারিত আলোচনার পর কার্যবিবরনী যথাযথভাবে লিপিবদ্ধ হওয়ায় তা সর্ব-সম্মতিক্রমে অনুমোদন করা হয়। | ১। গত সভার কার্য বিবরণী অনুমোদন করা। | সভাপতি, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি। |
| ২। | দুস্থ ও গরীব শিক্ষার্থীদের মাঝে শিক্ষা উপকরণ বিতরণ করা প্রসঙ্গে আলোচনা। | দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব মুন্সি আলাউদ্দীন আহম্মেদ বলেন PRAP সফল ভাবে বাস্তবায়নের লক্ষ্যে প্রতি বছরের ন্যায় আমরা দুস্থ ও গরীব শিক্ষার্থীদের মাঝে শিক্ষা উপকরণ বিতরণ করব। কমিটির অপর সদস্য ০১নং সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর জনাবা মোছাঃ শাহিনা খাতুন বলেন পৌর এলাকার ০৯টি ওয়ার্ডের দুস্থ অসহায় ও হত দরিদ্র শিক্ষার্থীদের মাঝে আমরা প্রতি বছরের ন্যায় শিক্ষা উপকরণ বিতরণ করব। কমিটির অপর সদস্য দরিদ্র শ্রেনীর প্রতিনিধি জনাবা মোছাঃ রুবি খাতুন বলেন দুস্থ ও গরীব শিক্ষার্থীদের মাঝে শিক্ষা উপকরণ বিতরণ করা হলে তারা বেশ উপকৃত হবে। কমিটির সাচিবিক দায়িত্ব পালনকারী সমাজ উন্নয়ন কর্মকর্তা জনাব, কে এম আব্দুস সবুর খান বলেন হতদরিদ্র ছাত্র ছাত্রীদের মাঝে শিক্ষা উপকরণ ক্রয় বাবদ ২০২৩-২০২৪ইং অর্থ বছরে ১,২০,০০০/- (এক লক্ষ বিশ হাজার) টাকা বাজেট বরাদ্ধ রাখা আছে। বিস্তারিত আলোচনা শেষে কমিটির সিদ্ধান্ত অনুযায়ী দুস্থ ও গরীব শিক্ষার্থীদের মাঝে শিক্ষা উপকরণ বিতরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ২। দুস্থ ও গরীব ছাত্রদের মধ্যে শিক্ষা উপকরণ বিতরণ করা। | সভাপতি ও দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি। |
| ০৩। | দরিদ্র এলাকায় স্বাস্থ্য বিষয়ক সচেতনতা মূলক উঠান বৈঠক করা প্রসঙ্গে আলোচনা। | দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব, মুন্সি আলাউদ্দীন আহম্মেদ বলেন, দরিদ্র এলাকায় স্বাস্থ্য বিষয়ক সবাইকে সচেতন করার লক্ষ্যে উঠান বৈঠক করা দরকার। যাতে করে দরিদ্র এলাকায় বসবাসকারী সবাই স্বাস্থ্যবিধি সম্পর্কে সচেতন হতে পারে। কমিটির অপর সদস্য ০১নং সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর জনাবা মোছাঃ শাহিনা খাতুন বলেন দরিদ্র এলাকায় স্বাস্থ্য বিষয়ক সচেতনতা মূলক উঠান বৈঠক করার মাধ্যমে তাদেরকে স্বাস্থ্যবিধি সম্পর্কে সচেতন করতে হবে। কমিটির অপর সদস্য ০৭নং ওয়ার্ড কাউন্সিলর জনাব মোঃ উজ্জল হোসেন বলেন পৌরসভার মধ্যে দরিদ্র এলাকায় স্বাস্থ্য বিষয়ক সচেতনতা মূলক উঠান বৈঠকর মাধ্যমে তাদেরকে স্বাস্থ্যবিধি সম্পর্কে সচেতন করা সম্ভব। কমিটির অপর সদস্য দরিদ্র শ্রেনীর প্রতিনিধি জনাব মোঃ জিনারুল ইসলাম বলেন এটি একটি মহত উদ্দ্যেগ পৌরসভার উদ্দ্যেগে এধরনের উঠান বৈঠকের মাধ্যমে সবাইকে সচেতন করা সম্ভব। কমিটির সাচিবিক দায়িত্ব পালনকারী সমাজ উন্নয়ন কর্মকর্তা বলেন সচেতনতা মূলক উঠান বৈঠক করার জন্য ২০২৩-২০২৪ইং অর্থবছরে দারিদ্র হ্রাসকরণ কর্মপরিকল্পনায় ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা বাজেট বরাদ্ধ রাখা আছে। পরিশেষে কমিটির সিদ্ধান্ত অনুযায়ী দরিদ্র এলাকায় স্বাস্থ্য বিষয়ক সচেতনতা মূলক উঠান বৈঠক করার সিদ্ধান্ত গৃহিত হয়। | ০৩। দরিদ্র এলাকায় স্বাস্থ্য বিষয়ক সচেতনতা মূলক উঠান বৈঠক করা। | সভাপতি ও দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি। |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৪। | স্বাবলম্বি করার জন্য অনুদান প্রদান করা প্রসঙ্গে আলোচনা। | দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব, মুন্সি আলাউদ্দীন আহম্মেদ বলেন, পৌরসভার রাজস্ব ফান্ড হতে কিছু সংখ্যক গরীব ও দুস্থ ব্যক্তিদের মধ্যে আর্থিক সাহায্য প্রদান করা দরকার। কমিটির অপর সদস্য ০৭ নং ওয়ার্ড কাউন্সিলর জনাব, মোঃ উজ্জ্বল হোসেন বলেন হত দরিদ্রদের মাঝে আর্থিক সাহায্য প্রদান করলে তারা আর্থিক ভাবে বেশ উপকৃত হবে। কমিটির অপর সদস্য ০৩ নং সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর জনাবা, মোছাঃ শেফালী খাতুন বলেন, গরীব ও দুস্থ ব্যক্তিদের মধ্যে আর্থিক সাহায্য প্রদনের মাধ্যমে যারা আর্থিক ভাবে অস্বচ্ছল তাদেরকে ব্যবসা বানিজ্যের মাধ্যমে আর্থিক ভাবে স্বচ্ছল করা সম্ভব। কমিটির অপর সদস্য প্রকৌশল শাখার প্রতিনিধি পৌরসভার সহকারী প্রকৌশলী জনাব মোঃ হাফিজুর রহমান কাওছার বলেন স্বাবলম্বী করার ক্ষেত্রে কিছুসংখ্যক হতদরিদ্র পরিবারের মাঝে আর্থিক অনুদান প্রদান করলে তারা বেশ উপকৃত হবে। কমিটির অপর সদস্য দরিদ্র শ্রেনীর প্রতিনিধি জনাবা মোছাঃ রুবি খাতুন আর্থিক সাহায্য প্রদান করার ব্যাপারে একমত পোষণ করেন। পরিশেষে কমিটির সিদ্ধান্ত অনুযায়ী গরীব ও দুস্থ ব্যক্তিদেরকে স্বাবলম্বী করার জন্য আর্থিক অনুদান প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ৪। গরীব ও দুস্থ ব্যক্তিদেরকে স্বাবলম্বী করার জন্য আর্থিক অনুদান প্রদান করা। | সভাপতি ও দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি। |
| ০৫। | চতুর্থ কিস্তি/ চুড়ান্ত বিলের টাকা উত্তোলণ করা প্রসঙ্গে আলোচনা। | দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব মুন্সি আলাউদ্দীন আহম্মেদ চতুর্থ কিস্তি/চুড়ান্ত বিলের টাকা উত্তোলন করা প্রসঙ্গে জানতে চান। কমিটির সাচিবিক দায়িত্ব পালনকারী সমাজ উন্নয়ন কর্মকর্তা জনাব কে এম আব্দুস সবুর খান বলেন প্রকল্প কর্তৃক অনুমোদিত চুড়ান্ত বিলের টাকা হতে GOV অংশের টাকা উত্তোলণ পূর্বক ০২টি বস্তির কিছুটা বকেয়া টাকা পরিশোধ করা হয়েছে। চুড়ান্ত বিলের অবশিষ্ট্য টাকা উত্তোলণ পূর্বক ০২টি বস্তির সম্পূর্ণ বকেয়া টাকা পরিশোষ করা হবে। সভায় উপস্থিত কমিটির অন্যতম সদস্য পৌরসভার মেয়র জনাব জাহাঙ্গীর আলম মালিক বলেন ইসলামপাড়ার খাল পাড়া বস্তি ও রেলপাড়ার মাঠ পাড়া বস্তির টাকা প্রকল্প অফিস কর্তৃক আসলেই বস্তির সম্পূর্ণ বকেয়া টাকা পরিশোধ করা হবে। সভায় উপস্থিত প্রকৌশল শাখার প্রতিনিধি ও বস্তির দায়িত্বপ্রাপ্ত ইঞ্জিনিয়ার পৌরসভার সহকারী প্রকৌশলী জনাব, মোঃ হাফিজুর রহমান কাওছার বলেন বস্তির টাকা পরিশোধ করতে না পাড়ায় পাওনাদাররা বস্তি ০২টির সভাপতিকে তারা বারংবার তাগাদা দিচ্ছে। সেক্ষেত্রে প্রকল্প কর্তৃক চুড়ান্ত বিলের অবশিষ্ট্য টাকা পেলেই বস্তির সম্পূর্ণ বকেয়া টাকা পরিশোধ করা হবে। পরিশেষে কমিটির সিদ্ধান্ত অনুযায়ী চুড়ান্ত বিলের অবশিষ্ট্য টাকা উত্তোলন পূর্বক বকেয়া টাকা পরিশোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ৫। চুড়ান্ত বিলের অবশিষ্ট্য টাকা উত্তোলন পূর্বক বকেয়া টাকা পরিশোধ করা। | সভাপতি ও দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি ও এসআইসি কমিটি। |

আর বিশেষ কোন আলোচনা না থাকায় কমিটির সভাপতি জনাব, মুন্সি আলাউদ্দীন আহম্মেদ সকলের সুস্বাস্থ্য ও মঙ্গল কামনা করে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মুন্সি আলাউদ্দীন আহম্মেদ)
সভাপতি, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি
ও
কাউন্সিলর, ০৫ নং ওয়ার্ড, চুয়াডাঙ্গা পৌরসভা।

স্মারক নং ঃ-
তারিখঃ- ২১/১২/২০২৩ইং

অনুলিপি ঃ- সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলোঃ

১. প্রকল্প পরিচালক, (IUGIP) স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর।
২.সকল সদস্য দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি, চুয়াডাঙ্গা পৌরসভা।

(মুন্সি আলাউদ্দীন আহম্মেদ)
সভাপতি, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি।

# চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়

জেলা-চুয়াডাঙ্গা।

স্থানঃ পৌরসভা মিলনায়তন। তারিখঃ ২১/১২/২০২৩ইং।

দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভায় উপস্থিত সদস্য বৃন্দের নাম ও স্বাক্ষর নিম্নরুপঃ

| ক্র নং | নাম | পরিচিত | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | জনাব মুন্সি আলাউদ্দীন আহম্মেদ | সভাপতি | |
| ২ | জনাব মোঃ জাহাঙ্গীর আলম মালিক | সদস্য | |
| ৩ | জনাব মোঃ উজ্জ্বল হোসেন | সদস্য | |
| ৪ | জনাবা মোছাঃ শেফালি খাতুন | সদস্য | |
| ৫ | জনাবা মোছাঃ শাহিনা আক্তার | সদস্য | |
| ৬ | জনাব মোঃ হাফিজুর রহমান কাওছার, সহকারী প্রকৌশলী | প্রকৌশল শাখার প্রতিনিধি | |
| ৭ | জনাবা মোছাঃ রুবি খাতুন, জিনতলা | দরিদ্র শ্রেণীর প্রতিনিধি | রুবি |
| ৮ | জনাব মোঃ জিনারুল ইসলাম, ইসলাম পাড়া | দরিদ্র শ্রেণীর প্রতিনিধি | জিনারুল |
| ৯ | কে এম আব্দুস সবুর খান | সমাজ উন্নয়ন কর্মকর্তা ও সদস্য সচিব | |

# চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়

শহীদ আবুল কাশেম সড়ক, চুয়াডাঙ্গা। ফোনঃ ০৭৬১-৬২২৮১
Web Site: www.chuadangapourashava.org, E-mail:mayor16cp@gmail.com

---

## ২১/১২/২০২৩ইং তারিখে অনুষ্ঠিতব্য দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির মাসিক সভার আলোক চিত্র।




